

বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম
টিউটোরিয়াল পরীক্ষা- ০১
উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন(১ম ও ২য় পত্র)
একাদশ শ্রেণি

পূর্ণমান -১০

সময়ঃ৩০

(যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও)

প্রশ্ন ০১. জনাব মিনা কুমিল্লার বিসিক এ ২৫ লক্ষ টাকা বিনিয়োগ করে ব্যবসা শুরু করেন। তিনি ৫ লক্ষ টাকার কাঁচামাল, ১৫ লক্ষ টাকার যন্ত্রপাতি ২লক্ষ টাকা কারখানা ভাড়া ও ২লক্ষ টাকার অন্যান্য উপকরণ কিনে ৫০ লক্ষ টাকার সুতা ও জাল উৎপাদন করেন। অপরদিকে জনাব হাশেম ৩০লক্ষ টাকা বিনিয়োগ করে ১০লক্ষ টাকার কাঁচামাল ১৫ লক্ষ টাকার যন্ত্রপাতি ২ লক্ষ টাকা কারখানা ভাড়া ও ২ লক্ষ টাকার অন্যান্য উপকরণ কিনে ৩৫ লক্ষ টাকার পণ্য উৎপাদন করেন।

- ক. উৎপাদন কী? ১
- খ. উৎপাদনশীলতার উপর মুনাফা নির্ভর করে -ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে উল্লিখিত মিনার প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা নির্ণয় করো। ৩
- ঘ. উৎপাদনশীলতা বিবেচনায় উদ্দীপকের কোন প্রতিষ্ঠানটি লাভজনক? বিশ্লেষণ করো। ৪

প্রশ্ন ০২. পল্লবী ফ্যাশনস ঢাকার পোশাক প্রস্তুতকারী একটি প্রতিষ্ঠান। তারা ছেলে ও মেয়েদের নান্দনিক ডিজাইনের পোশাক তৈরি করে নিজস্ব শোরুম এর মাধ্যমে বিক্রি করে। প্রতিষ্ঠানটি সর্বদা ক্রেতাদের অভাব, প্রয়োজন ও পছন্দের প্রতি গুরুত্ব দিয়ে নিত্যনতুন ডিজাইনের পোশাক তৈরি করে বাজারে বিক্রি করে। বর্তমানে প্রতিযোগী প্রতিষ্ঠানের সংখ্যা বাড়ায় প্রতিষ্ঠান কর্তৃপক্ষ প্রতিযোগিতা মোকাবেলা করার জন্য এসএমএস ও ফেসবুকের মাধ্যমে ভোক্তাদের সাথে প্রতিনিয়ত যোগাযোগ রক্ষা করছে। এর মাধ্যমে ক্রেতাদের সাথে তাদের সম্পর্ক তৈরি হয়। ফলে অল্পদিনেই প্রতিষ্ঠানের বিক্রির লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

- ক. ক্রেতা ভ্যালু কি? ১
- খ. বিপণন চাহিদা ও যোগানের মধ্যে সমতা বিধান করে-ব্যাখ্যা করো। ২
- গ. পল্লবী ফ্যাশনস বিপণনের কোন বৈশিষ্ট্যের প্রতি গুরুত্ব দিয়েছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. প্রতিযোগিতা মোকাবেলায় পল্লবী ফ্যাশনস কর্তৃক নেওয়া পদক্ষেপ কতটুকু যৌক্তিক? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪